৭৭

ভোরের কাগজ

তারিখ 28 OCT 1998
পৃষ্ঠা ১২ কলাম ৭

## ১২ নভেম্বর ঢা.বির সিন্ডিকেট নির্বাচন

# নীল ও সাদার প্যানেল চূড়ান্ত গোলাপীর অংশগ্রহণ অনিশ্চিত

পিনাকী রায় : ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট নির্বাচনের তারিখ আগামী ১২ নভেম্বর ধার্য করা হয়েছে। নির্বাচনের জন্য শিক্ষকদের নীল ও সাদা দলের প্যানেল ইতিমধ্যে চূড়ান্ত হয়েছে। গোলাপী দলের প্যানেল এখনো চূড়ান্ত হয়নি। নির্বাচনকে ঘিরে শিক্ষকদের মধ্যে ব্যাপক তৎপরতা শুরু হয়েছে।

মুক্তিযুদ্ধের পক্ষের নীল দল, জাতীয়তাবাদী দল সমর্থিত সাদা দল প্রচারণায় নেমে পড়েছে। নিরপেক্ষতার দাবিদার গোলাপি দল এখনো তাদের প্যানেল চূড়ান্ত করতে না পারলেও শেষ পর্যন্ত নির্বাচনে এ দলের অংশ নেওয়ার সম্ভাবনা রয়েছে বলে একটি সূত্র জানিয়েছে। বর্তমান সিন্ডিকেটের মেয়াদ গত ৩ আগস্ট শেষ হলেও বন্যার কারণে যথাসময়ে নির্বাচন অনুষ্ঠিত হয়নি।

নির্বাচনে নীল দলের প্রার্থীরা হলেন ডীন অধ্যাপক কাজী শহীদুল্লাহ, প্রভোস্ট অধ্যাপক আবদুল আজীজ, অধ্যাপক এ টি এম জহুরুল হক, সহযোগী অধ্যাপক সহিদ আক্তার হুসাইন, সহকারী অধ্যাপক কাজী আফরোজা জাহান আরা, প্রভাষক আজহারুল আলী চৌধুরী জয়। এর মধ্যে অধ্যাপক আবদুল আজীজ, অধ্যাপক জহুরুল হক এবং ড. সহিদ আক্তার হুসাইন বর্তমান সিন্ডিকেটেরও সদস্য। এ তিনজন শিক্ষককে সিন্ডিকেট নির্বাচনের জন্য পুনরায় মনোনয়ন দেওয়ায় নীল দলের শিক্ষকদের একাংশ অসন্তুষ্ট বলে একটি সূত্র জানিয়েছে। কিছুদিন আগে প্যানেল পরিবর্তনেরও দাবি উঠেছিল। প্রভাষক পদের অন্যতম দাবিদার তিনজন শিক্ষককে মনোনয়ন না দেওয়ায় নীল দলের মধ্যে অসন্তোষ আছে।

এদিকে নতুন নিয়ম অনুযায়ী বিশ্ববিদ্যালয়ে দুজন উপউপাচার্যের নিয়োগ দেওয়া হবে। উপউপাচার্যের পদ নিয়েও নীলের শিক্ষকদের মধ্যে দর কষাকষি চলছে।

সাদা দলের প্রার্থীরা হলেন ডীন অধ্যাপক সিরাজুল ইসলাম খান, প্রভোস্ট অধ্যাপক এ এফ এম ইউসুফ হায়দার, অধ্যাপক মমিন চৌধুরী, সহযোগী অধ্যাপক জাহাঙ্গীর হোসেন সরদার, সহকারী অধ্যাপক আনোয়ারুল ইসলাম, প্রভাষক মহব্বত খান। সাদা দলে সহকারী অধ্যাপক মুসলেহ উদ্দীন তারেক বর্তমানে দেশের বাইরে থাকায় তার স্থানে ড. আনোয়ারুল ইসলামকে প্রার্থী করা হয়েছে। সাদা দলের প্যানেল চূড়ান্ত করার আগে অধ্যাপক মমিন চৌধুরী কয়েকজন শিক্ষকসহ গোলাপী দল থেকে সাদা দলে যোগ দিয়েছেন।